# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী
নদীতে রাবার ড্যাম নির্মান প্রকল্প
এলজিইডি , আরডিইসি ভবন(লেভেল -৫)
আগারগাঁও , ঢাকা-১২০৭

স্মারক নং এলজিইডি/পিডি/রাবার ড্যাম/এফ-০১/২০০৯/৯৬৯ তারিখ ঃ ১৪/০৬/২০১১

প্রতি,
খন্দকার বিজনেস ইন্টারন্যাশনাল
স্বজন টাওয়ার, ৪, সেগুন বাগিচা,ঢাকা।

বিষয় ঃ দিনাজপুর জেলার আত্রাই নদীতে মোহনপুর ব্রীজের নিকট ১৩৫মি. দীর্ঘ রাবার ড্যাম নির্মান কাজের দরপত্রে ভুয়া Credit Facility সার্টিফিকেট দাখিল করায় খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মান প্রকল্পের দরপত্রে অংশগ্রহন থেকে ১(এক) বৎসরের জন্য debared প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচেছ যে, খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মান প্রকল্পের আওতায় দিনাজপুর জেলার আত্রাই নদীতে মোহনপুর ব্রীজের নিকট ১৩৫মি. দীর্ঘ রাবার ড্যাম নির্মান কাজের ০২/১২/২০১০ইং তারিখের দরপত্রে আপনার প্রতিষ্ঠান ৬০% অংশীদারীত্বে লীড পার্টনার হিসাবে বান্ধব ট্রেডিং কোং জেভি শিরোনামে দরপত্রে অংশগ্রহণ করেন এবং দরপত্রের সাথে ব্যাংক ক্রেডিট লাইন ফ্যাসিলিটি হিসাবে সোনালী ব্যাংক লিঃ, মৌলভীবাজার শাখা, মৌলভীবাজার এর ইস্যুকৃত সনদ দাখিল করেন। কিন্তু অত্র দপ্তর থেকে উক্ত সনদের সত্যতা যাচাইয়ান্তে জানা যায় যে, উক্ত ব্যাংক কর্তৃক উক্ত সনদ ইস্যু করা হয়নি। তাছাড়া আপনার প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এসিসটেন্ট জেনারেল ম্যানেজার (ইনচার্জ), সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, মৌলভীবাজার ২৪/০৪/২০১১ইং তারিখ অত্র দপ্তর কে অবহিত করেন যে, ১৪/০৩/২০১০ইং তারিখের প্রত্যয়ন পত্র খানা নিম্নস্বাক্ষরকারী উক্ত শাখায় ব্যবস্থাপক হিসাবে দায়িত্বপালন কালে ইস্যুকৃত। তবে ঋন পওয়ার জন্য কাগজ পত্রাদি যথাসময়ে দাখিল করার না করার কারনে উহা অকার্যকর হয়ে যায় এবং মৌলভীবাজার শাখা থেকে তাকে কোনভাবে আর্থিক সহায়তা দেয়া হয়নি।

উল্লেখিত অবস্থায়, উক্ত ভুয়া সার্টিফিকেট দাখিল করায় ১৪/০৩/২০১১ ইং তারিখ অনুষ্ঠিত দরপত্র মুল্যায়ন কমিটির সভায় সর্বসম্মতিক্রমে খন্দকার বিজনেস ইন্টারন্যাশনাল এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের সুপারিশের প্রেক্ষিতে পিপিআর/২০০৮ এর rule 127, ITT clause no. 4.4(a) and GCC Clause 39.4(a) মোতাবেক উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানকে খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মান প্রকল্পের দরপত্রে অংশগ্রহন থেকে ১৪/০৬/২০১১ থেকে ১৩/০৬/২০১২ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য debared ঘোষনা করা হলো।

(মোঃ ইসমাইল হোসেন)
প্রকল্প পরিচালক
ফোন ঃ ৮১২১৬১২

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট(সিপিটিইউ), আইএমইডি, শেরেবাংলা নগর ঢাকা। তাহাকে বিষয়টি ওয়েবসাইটে প্রকাশ করা জন্য অনুরোধ করা হলো।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক(সকল) এলজিইডি, আগারগাঁও,ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, জিআইএস, এলজিইডি, সদর দপ্তর। তাহাকে বিষয়টি এলজিইডি ওয়েবসাইটে প্রকাশ করা জন্য অনুরোধ করা হলো।
৫। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি- দিনাজপুর/ঠাকুরগাও/লালমনিরহাট/নওগাঁ/কুড়িগ্রাম/মৌলভীবাজার/চট্টগ্রাম/বান্দরবান/খাগড়াছড়ি।

XEN(GIS)
Pl. open a file and take n/a
25/6/11